

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮০.২০১৬- ২৬২

তারিখ- ২২.০৬.২০১৭ খ্রিঃ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানো নোটিস

যেহেতু, আপনি ডাঃ চৌধুরী রায়হান পারভেজ (১১৪৫৬৫), রেজিস্ট্রার (সার্জারী), এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পার-৫ অধিশাখার ০১.০২.২০১৫ খ্রিঃ তারিখের ৪৫.১৪৬.০০১.০০.০০২.২০১৫-১১৫ নং স্মারক মোতাবেক মঞ্জুরিকৃত বহিঃবাংলাদেশ ছুটি ভোগ শেষে যথাসময়ে কর্মস্থলে যোগদান না করে গত ২৫.০২.২০১৫ খ্রিঃ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও ৩ (সি) বিধি মোতাবেক “অসদাচরণ (Misconduct)” ও “বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি (Desertion)” এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ২৯.০৬.২০১৬খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮০.২০১৬-৫১৬ নং স্মারকমূলে ১ম কারণ-দর্শানোর নোটিস জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান না করায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;


যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার সংশ্লিষ্ট নথি, অন্যান্য কাগজপত্র পর্যালোচনায় আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও ৩ (সি) অনুযায়ী যথাক্রমে “অসদাচরণ (Misconduct)” ও “বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি (Desertion)”-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় আপনাকে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী “চাকুরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)” গুরুদস্ত আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

এক্ষণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) মোতাবেক সরকারি “চাকুরি হতে বরখাস্ত (Dismissal from Service)” করা হবে না, তার কারণ এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিস প্রাপ্তির ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এ সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ পাতা।


মোঃ সিরাজুল হক খান
সচিব

ডাঃ চৌধুরী রায়হান পারভেজ (১১৪৫৬৫)

রেজিস্ট্রার (সার্জারী)

এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট।


(স্থায়ী ঠিকানাঃ- পিতা-চৌধুরী আ ম ম বদরুল হক শান্তি, শান্তি ভিলা, ব্লক-বি, রোড-২, হাউজ-৫, শাপলাবাগ, টিলাগড়, সিলেট)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮০.২০১৬- ২৩৩/০(৭)

তারিখ- ২২.০৬.২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। উপসচিব (পার-৩), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে ও জিঃ পিডিএস-এ সংরক্ষিত রাখার জন্য)।
- ৪। পরিচালক, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট।
- ৫। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।


২২/০৬/২০১৭
(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd